# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা প্রথম পত্র
বিষয় কোড: ১ ০ ১

সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য:— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম দুটি, কবিতাংশ থেকে ন্যূনতম দুটি, উপন্যাস থেকে ন্যূনতম একটি ও নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ — গদ্য

**১.** ▶ দাবি না করা সত্ত্বেও বিয়ে বাড়ি থেকে ফেরার সময় গাড়ি বোঝাই উপহার দেখে আনিস সাহেব অবাক হয়ে গেলেন। তিনি মেয়ের বাবাকে বলেন, আমরা উপহার বা যৌতুক নিতে আসিনি, আমার ছেলের জন্য শুধু আপনার মেয়েকে নিতে এসেছি।

ক. 'একান্তই নির্জীব, কোন তেজ নাই' কার? ১

খ. 'পণ প্রথা' বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আনিস সাহেবের সাথে 'অপরিচিতা' গল্পের বৈসাদৃশ্যপূর্ণ চরিত্রটি উপস্থাপন করো। ৩

ঘ. "উদ্দীপকের আনিস সাহেবের মনোভাব 'অপরিচিতা' গল্পের মূলভাব পরিবর্তনের চাবিকাঠি"— উক্তিটির যৌক্তিকতা বিচার করো। ৪

**২.** ▶ চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার প্রত্যন্ত অঞ্চলের বাসিন্দা পারভীন, শারমিন, আফরিন কিছুদিন আগেও দারিদ্র্যের সঙ্গে সংগ্রাম করে তাদের বাঁচতে হতো। কিন্তু বর্তমানে তাদের হাতে বানানো লোকশিল্প দেশের গণ্ডি ছাড়িয়ে বিদেশেও রপ্তানি হচ্ছে। সংসারের কাজের অবসরে তারা মাদুর, শীতলপাটি, হাতপাখা, কাপড়ের পুতুল, ফুলদানি ইত্যাদি তৈরি করে। স্বামী সন্তান নিয়ে প্রত্যেকেই এখন অনেকটা সচ্ছল জীবনযাপন করছে।

ক. ভারতবাসী কত বছর আগেও অসভ্য ছিল? ১

খ. 'শিরে দিয়ে বাঁকা তাজ ঢেকে রাখে টাক' বলতে লেখিকা কী বুঝিয়েছেন? ২

গ. 'চাষার দুক্ষু' প্রবন্ধের চাষি রমণীদের সাথে উদ্দীপকের চরিত্রগুলোর বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. 'চাষার দুক্ষু' প্রবন্ধে লেখক যে আশাবাদ ব্যক্ত করেছেন উদ্দীপকের বিষয়বস্তু যেন তারই প্রতিফলন'— বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ ধনী পরিবারের রিমির সাথে সাধারণ চাকরিজীবী রাসেলের বিয়ে হলেও স্বামীকে মোটেও অবজ্ঞা করে না সে। বরং স্বামীর সংসারের উন্নতির জন্য কঠোর পরিশ্রম করে। সে উপলব্ধি করে, সংসার জীবন কুসুমাস্তীর্ণ নয়, বিলাস ব্যসনে মেতে থাকাই জীবনের অর্থ নয়। উপরন্তু নিজ হাতে সংসারের কাজ করে আত্মতৃপ্তি লাভ করা যায়।

ক. ফরাসি ভাষায় 'নেকলেস' গল্পটির নাম কী? ১

খ. লোইসেলের দুঃখ হতো কেন? ২

গ. 'উদ্দীপকের রিমি চরিত্রের কোন বৈশিষ্ট্য লোইসেল চরিত্রে অনুপস্থিত'— ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. 'বাস্তব জীবনাভিজ্ঞতা মানুষকে বদলে দেয়'— উক্তিটি উদ্দীপক ও 'নেকলেস' গল্পের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪.▶ যান্ত্রিকতার বেড়াজালে আবদ্ধ ঢাকা শহরে বড় হওয়া আরিয়ান ঈদের ছুটিতে প্রথমবার বাড়িতে বেড়াতে যাওয়ার অনুভূতি সম্পর্কে ফেসবুকে একটি স্ট্যাটাস দেয়। তাতে সে লিখেছে 'আকাশের সাদা মেঘের মতো গ্রামের মানুষগুলোকে আমি আমার চারপাশে দেখেছি।'

ক. 'আহ্বান' গল্পের গল্পলেখক বুড়ির কবরে কি দিয়েছিল? ১

খ. বুড়ি গোপালের কাছে কাফন প্রত্যাশা করেছিল কেন? ২

গ. উদ্দীপকের আরিয়ানের চিন্তার সঙ্গে 'আহ্বান' গল্পের গল্প লেখকের সাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. "উদ্দীপকের আরিয়ানের অনুভূতিই গল্পলেখককে গ্রামে ফিরিয়ে এনেছিল"— মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ "গাহি তাহাদের গান-
ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান।
শ্রম-কিনাঙ্ক-কঠিন যাদের নির্দয় মুঠি-তলে
ত্রস্তা ধরণী নজরানা দেয় ডালি ভরে ফুলে ফলে।
বন্য-শ্বাপদে-সঙ্কুল জরা-মৃত্যু-ভীষণা ধরা
যাদের শাসনে হলো সুন্দর কুসুমিতা মনোহরা।"

ক. কবি জ্ঞানের দীনতা পূরণ করে নেন কিসে? ১

খ. 'জীবনে জীবন যোগ করা' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের সাথে 'ঐকতান' কবিতার কোন অংশের মিল রয়েছে? আলোচনা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'ঐকতান' কবিতার আংশিক প্রতিবিম্ব মাত্র"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬.▶ 'দীপু নাম্বার টু' গল্পে দীপু তার খুদে গোয়েন্দা দল নিয়ে চোরাকারবারিদের ধরার জন্য ফন্দি আটে। একদিন স্কুল থেকে ফেরার পথে চোরদের আক্রমণ করতে গিয়ে তারা যথারীতি বিপদে পড়ে। অবশেষে অনেক কৌশলে চোরাকারবারিদের পুলিশের হাতে ধরিয়ে দেয়। এভাবে দেশের মূল্যবান প্রত্ন-সম্পদ বিদেশে পাচার হওয়া থেকে রক্ষা পায়।

ক. আঠারো বছর বয়স কী নয়? ১

খ. কবি আঠারো বছর বয়সকে ভয়ঙ্কর বলেছেন কেন? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকের খুদে গোয়েন্দা দলের বিপদগ্রস্ত অবস্থার চিত্র 'আঠারো বছর বয়স' কবিতায় কীভাবে তুলে ধরা হয়েছে তা নিরূপণ করো। ৩

ঘ. "উদ্দীপকের দীপু ও তার খুদে গোয়েন্দা দল 'আঠারো বছর বয়স' কবিতায় বর্ণিত তারুণ্যের চেতনার প্রতীক"— বিশ্লেষণ করো। ৪

৭.▶ 'সে আছে বলে চোখের তারার আলোয়
এত রূপে খেলা রঙের মেলা অসীম সাদায় কালোয়।
সে মোর সঙ্গে থাকে বলে
আমার অঙ্গে অঙ্গে হরষ জাগায় দখিনা সমীরণে।

ক. 'কুহেলি' অর্থ কী? ১

খ. 'অলখের পাথার বাহিয়া' চিত্রকল্পটির মর্মার্থ ব্যাখ্যা করো। ২

গ. 'তাহারেই পড়ে মনে' কবিতার কবি চিত্তের সঙ্গে উদ্দীপকের কবি চিত্তের ভাবের তুলনা করো। ৩

ঘ. 'বাতাবি লেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল?' এবং 'আমার অঙ্গে অঙ্গে হরষ জাগায় দখিনা সমীরণে"— এ দুটি উক্তির চেতনাগত বৈসাদৃশ্য বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

৮.▶ কুমিল্লা জেলার বরুড়া উপজেলায় ফাতেমা নামের এক গৃহবধূ অগ্নিদগ্ধ হয়ে মারা গেছেন। পারিবারিক কলহের জের ধরে শ্বশুরবাড়ির লোকজন তার শরীরে কেরোসিন ঢেলে আগুন দিয়েছেন বলে অভিযোগ উঠেছে। ঘটনার পর থেকে ফাতেমার ভাসুর ও ননদ পলাতক।

ক. হাসুনির মা কী কাজ করে? ১

খ. খালেক ব্যাপারী তার স্ত্রীকে তালাক দেয় কেন? বুঝিয়ে লেখ? ২

গ. উদ্দীপকের গৃহবধূ ও 'লালসালু' উপন্যাসের জমিলার মধ্যে সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের একটি বিশেষ দিককেই প্রতিকায়িত করেছে"— বিশ্লেষণ করো। ৪

৯.▶ আধিপত্য বা প্রভাব বিস্তার করা মানুষের আজন্ম স্বভাব। ভালো কাজ করে হোক আর খারাপ কাজ করেই হোক, পয়সা খরচ করে হোক আর পয়সা না খরচ করেই হোক, কথার মিষ্টতা দিয়ে হোক আর কথার তিক্ততা দিয়েই হোক, মানুষ আধিপত্য বিস্তার করতে চায়, এ স্বভাব কখনো বিনাশ হবে না।

ক. খালেক ব্যাপারীর স্ত্রীর নাম কী? ১

খ. তাহেরার বাপ নিরুদ্দেশ হয়ে যায় কেন? ২

গ. উদ্দীপকের সাথে মজিদের মানসিকতার সাদৃশ্য না বৈসাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. "উদ্দীপকের মূলকথা শুধু 'লালসালু' উপন্যাসের প্রেক্ষাপটে নয়, বরং সকল কালের সকল মানুষের প্রেক্ষাপটে যৌক্তিক" —উক্তিটির সত্যতা যাচাই করো। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

১০. ▶



ক. সিরাজউদ্দৌলার ঘাতকের নাম কী? ১

খ. উমিচাঁদ কেন নিজেকে 'দওলতের পূজারি' হিসেবে জাহির করেন? ২

গ. উদ্দীপকের বীরশ্রেষ্ঠদের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের বিপরীত চরিত্রসমূহের তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. "উদ্দীপকের বীরশ্রেষ্ঠ এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের মিরমর্দন, মোহনলাল প্রমুখ দেশপ্রেমিক সাহসী সন্তানরাই বাঙালি জাতির অহংকার"— মন্তব্যটি যাচাই করো। ৪

১১. ▶ সত্যিকার দেশপ্রেমিক বীর হয়েও লঙ্কাকে বহিঃশত্রুর হাত থেকে রক্ষা করতে পারেনি রাবণ পুত্র মেঘনাদ। সশস্ত্র মেঘনাদকে যুদ্ধ ক্ষেত্রে পরাস্ত করা অসম্ভব জেনে রামানুজ লক্ষণ মেঘনাদের কাকা বিভীষণের সহায়তায় যুদ্ধের পূর্ব মুহূর্তে লঙ্কাপুরীতে প্রবেশ করে, পূজারত নিরস্ত্র মেঘনাদকে অন্যায়ভাবে হত্যা করে। বিভীষণের বিশ্বাসঘাতকতায় শেষ পর্যন্ত লঙ্কার স্বাধীনতার সূর্য চিরতরে অস্তমিত হয়।

ক. ডাচ কাদের বলা হয়? ১

খ. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা'— কে, কেন বলেছে? ২

গ. উদ্দীপকের মেঘনাদ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "পুরাণের বিভীষণ ও নাটকের মিরজাফর যেন বিশ্বাসঘাতকের অভিন্ন প্রতিমূর্তি"— বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০　　**বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা**　　বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'অপরিচিতা' গল্পের কল্যাণীকে আশীর্বাদ করতে যায়—
ক) হরিশ　　খ) মামা
গ) বিনু　　ঘ) মা

২. 'বিড়াল' রচনায় আহারাভাবে বিড়ালের জিহ্বা কীরূপ হইয়াছে?
ক) কৃশ　　খ) ঝুলা
গ) বিনত　　ঘ) ফুলা

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
মোতালেব ভিক্ষা করে খায় তবু তার হাতে ঘড়ি, পকেটে মোবাইল ফোন থাকা চাই। সে যে আধুনিক ফকির।

৩. 'চাষার দুক্ষু' প্রবন্ধের কোন দিকটি মোতালেবের মাঝে প্রকাশ পেয়েছে?
ক) বিলাসিতা　　খ) অনুকরণ প্রবণতা
গ) প্রয়োজন বোধ　　ঘ) কুপমণ্ডুক মানসিকতা

৪. মোতালেবের চালচলনের সাথে কাদের সাদৃশ্য আছে?
ক) কৃষকদের　　খ) জুটমিল কর্মচারীদের
গ) শ্রমিকদের　　ঘ) গৃহিণীদের

৫. 'আহ্বান' গল্পের উপজীব্য—
i. নাগরিক জীবন　　ii. মানুষের সরলতা
iii. সহজ জীবনধারা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

৬. 'আমার পথ' প্রবন্ধে নজরুলের 'আমি' ভাবনা বিন্দুতে কীসের উচ্ছ্বাস জাগায়?
ক) আনন্দের　　খ) সিন্ধুর
গ) বেদনার　　ঘ) হতাশার

৭. 'যা তার প্রাপ্তি তাই তার দান' বলতে মোতাহের হোসেন চৌধুরী কাকে বুঝিয়েছেন?
ক) বৃক্ষকে　　খ) নদীকে
গ) সাধারণ মানুষকে　　ঘ) সৃজনশীল মানুষকে

৮. 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধের অন্তর্নিহিত উদ্দেশ্য হলো শিক্ষার্থীকে—
i. অধিকার সচেতন করা
ii. দেশপ্রেমে উদ্বুদ্ধ করা
iii. আত্মপ্রত্যয়ী করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
ইংল্যান্ড প্রবাসী অমিত অস্টাদশ শতাব্দীতে প্রতিষ্ঠিত একটি জাদুঘরে বেড়াতে গেলেন।

৯. অমিত যে জাদুঘরে গেলেন তা 'জাদুঘরে কেন যাব' প্রবাদের কোন জাদুঘরকে নির্দেশ করে?
ক) ল্যুভ মিউজিয়াম　　খ) ব্রিটিশ মিউজিয়াম
গ) টাওয়ার অফ লন্ডন
ঘ) অ্যাশমোলিয়ান মিউজিয়াম
[দ্রষ্টব্য: উক্ত জাদুঘরটি ব্রিটিশ মিউজিয়াম।]

৯. উক্ত জাদুঘরটি সম্পর্কে বলা যায়—
i. জাদুঘরটির ভিত্তি ছিল তিনজন সংগ্রাহকের সংগ্রহ
ii. এখানে স্বতন্ত্রভাবে রয়েছে উদ্ভিদ বিজ্ঞান ও জীববিদ্যার জাদুঘর
iii. এখানে রয়েছে বৃহৎ প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক সংগ্রহশালা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

১০. 'রেইনকোট' গল্পে কোন বিষয়টি অধিক ব্যঞ্জনাময় হয়ে উঠেছে?
ক) গেরিলা আক্রমণ
খ) হানাদার বাহিনীর নিপীড়ন
গ) নুরুল হুদার দেশপ্রেম
ঘ) রাজাকারদের দৌরাত্ম্য

১১. মহাজাগতিক কিউরেটরদ্বয় মানুষ সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হয় যে মানুষ—
ক) আত্মঘাতী　　খ) সৃষ্টিশীল
গ) বুদ্ধিমান　　ঘ) লড়াকু

১২. 'নেকলেস' গল্পের প্রতিফলিত দিক কোনটি?
ক) নির্বুদ্ধিতা
খ) গভীর জীবনবোধের অভাব
গ) দাম্ভিকতা　　ঘ) অহংকার

১৩. মেঘনাদ 'দুরাচার দৈত্য' বলে কাকে অভিহিত করেছে?
ক) বিভীষণ　　খ) রাম
গ) রাবণ　　ঘ) বীরবাহু

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
একি অপরূপ রূপে মা তোমায় হেরিনু পল্লীজননী
ফুলে ও ফসলে, কাদামাটি জলে ঝলমল করে লাবণী

১৪. উদ্দীপকে 'ঐকতান' কবিতার কোন দিকটি বিদ্যমান?
ক) জ্ঞানের পূর্ণতা　　খ) প্রকৃতির আহ্বান
গ) ব্যক্তি চিন্তা　　ঘ) সৌন্দর্য চিন্তা

teachingbd.com

http://teachingbd.com

১৫. উদ্দীপকের বিষয়বস্তু ছাড়াও 'ঐকতান' কবিতায় রয়েছে—

i. মানুষের প্রতি গভীর ভালোবাসা
ii. পৃথিবীকে অজানার কথা
iii. আত্মসমালোচনা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৬. সকল দেবতার বিশ্ব দেউল কোনটি?

ক) মন্দির  খ) হৃদয়
গ) কাবা  ঘ) ধর্ম

১৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'উত্তরী' শব্দের— অর্থ কী?

ক) কুয়াশা  খ) উত্তরদিক
গ) চাদর  ঘ) শীতের তীব্রতা

১৮. 'সেই অস্ত্র' কবিতার গঠনগত বৈশিষ্ট্য কোনটি?

ক) গতিহীনতা  খ) সমান্তরাল গতি
গ) গতি নেই
ঘ) অনাড়ম্বর ও সহজ গতিময়তা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

'আপদ আছে, জানি আঘাত আছে,
তাই জেনে তো বক্ষে পরাণ নাচে।'

১৯. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে?

ক) সাহসিকতা  খ) চঞ্চলতা
গ) শৃঙ্খলাবোধ  ঘ) নিশ্চলতা

২০. উদ্দীপকের সঙ্গে উপরিউক্ত কবিতার যে চরণের ভাবের সাথে মিল আছে—

i. দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
ii. প্রাণ দেওয়া-নেওয়া ঝুলিটা থাকে না শূন্য
iii. বিপদের মুখে এ বয়স অগ্রণী

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) ii
গ) iii  ঘ) i ও iii

২১. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?

ক) বিধ্বস্ত নীলিমা  খ) নিজ বাসভূমে
গ) বন্দি শিবির থেকে
ঘ) ফিরিয়ে নাও ঘাতক কাঁটা

২২. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কিংবদন্তি' শব্দটি কিসের প্রতীক হয়ে উঠেছে?

ক) সভ্যতার  খ) সংস্কৃতির
গ) ঐতিহ্যের  ঘ) ইতিহাসের

২৩. 'নূরুলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় 'বন্ধ দরজা' বলতে মানুষের কী বোঝানো হয়েছে?

ক) স্বপ্ন  খ) ঘুম
গ) চেতনা  ঘ) অধিকার

২৪. 'লোক-লোকান্তর' কবিতায় কবি চেতনা দ্বারা বোঝানো হয়েছে—

i. কবির অনুভূতি
ii. কবিসত্তা
iii. সাদাপাখি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৫. 'লালসালু' উপন্যাসে মজিদের মুখে জমিলার থুথু নিক্ষেপ কোন বিষয়টিকে প্রকাশ করে?

ক) ঘৃণা  খ) ক্ষোভ
গ) হিংসা  ঘ) ক্রোধ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

আমি পাইলাম, আমি ইহাকে পাইলাম। কাহাকে পাইলাম। এ যে দুর্লভ, এ যে মানবী, ইহার রহস্যের কী অন্ত আছে।

২৬. উদ্দীপকের মানবী হিসেবে জ্ঞান করা চরিত্রটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে নির্দেশ করে?

ক) জমিলা  খ) রহিমা
গ) আমেনা বিবি  ঘ) তাহেরার মা

২৭. উদ্দীপকের ভাববস্তুতে 'লালসালু' উপন্যাসের যে দিকটিকে ফুটিয়ে তুলেছে—

i. মজিদের আশাপূর্ণের অভিব্যক্তি
ii. জমিলার রহস্যময়তা
iii. মজিদের লোলুপ দৃষ্টি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৮. 'সিরাজউদ্দৌলা' নাটকে ব্যক্তি সিরাজ ও লুৎফার মাঝখানে কী উঠে দাঁড়িয়েছিল?

ক) প্রভুত্বের পার্থক্য  খ) রাজত্বের দেওয়াল
গ) ঘসেটি বেগম  ঘ) ইংরেজ রমণী

২৯. উমিচাঁদের কাছে ভগবানের দাদা মশায়ের চেয়েও বড় কী?

ক) ক্ষমতা  খ) নবাবি
গ) বাণিজ্য  ঘ) দওলত

৩০. 'তোমার ক্ষমতা ধ্বংস হবে সিরাজ' কার উক্তি?

ক) জগৎশেঠ  খ) ঘসেটি বেগম
গ) উমিচাঁদ  ঘ) রাজবল্লভ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |